# বগুড়ার বিতর্কিত দুই ইউনিয়নের নাম পরিবর্তনের নির্দেশ প্রধানমন্ত্রীর



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

বগুড়ার নবগঠিত দুই উপজেলার বিতর্কিত দুটি ইউনিয়নের নাম পরিবর্তনের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। নামকরণে পারিবারিকীকরণের অভিযোগ ওঠায় স্বয়ং প্রধানমন্ত্রী জেলা প্রশাসককে (ডিসি) ফোন করে ‘সীমান্ত’ ও ‘দিগন্ত’ ইউনিয়ন দুটির নাম বদলানোর এই নির্দেশনা দেন।

শুক্রবার (১৯ জুন) রাতে বিএনপির মিডিয়া সেলের ফেসবুক পেজে এক পোস্টের মাধ্যমে প্রধানমন্ত্রীর এই জরুরি নির্দেশনার কথা জানানো হয়।

বগুড়ার জেলা প্রশাসক তৌফিকুর রহমান জানান, প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী নাম পরিবর্তনের প্রক্রিয়া শুরু হয়েছে। নতুন নাম চূড়ান্ত করার ক্ষেত্রে স্থানীয় মানুষের মতামত, এলাকার ইতিহাস ও ঐতিহ্যকে প্রাধান্য দিয়ে আবারো গণশুনানি করা হবে।

এর আগে গত ১১ জুন বগুড়া জেলা প্রশাসনের এক প্রজ্ঞাপনে শিবগঞ্জ উপজেলার ৫টি এবং নবঘোষিত মোকামতলা উপজেলার ৮টি ইউনিয়নের সীমানা পুনর্গঠন করা হয়। গত ১৪ জুন এই সংক্রান্ত গেজেট প্রকাশের পরপরই নামকরণ নিয়ে স্থানীয় পর্যায়ে তুমুল সমালোচনা ও ক্ষোভের সৃষ্টি হয়।

অভিযোগ ওঠে, স্থানীয় সরকার প্রতিমন্ত্রী এবং বগুড়া-২ আসনের সংসদ সদস্য মীর শাহে আলম নিজের প্রভাব খাটিয়ে পরিবারের সদস্যদের নামে ইউনিয়নের নামকরণ করিয়েছেন। মোকামতলা উপজেলার নবগঠিত দুটি ইউনিয়নের নাম রাখা হয় ‘সীমান্ত’ ও ‘দিগন্ত’, যা প্রতিমন্ত্রীর দুই ছেলে মীর শাকরুল আলম সীমান্ত এবং মীর সাকলাইন আলম দিগন্তের নামের সঙ্গে হুবহু মিল। এছাড়া শিবগঞ্জ উপজেলার একটি ইউনিয়নের নাম প্রতিমন্ত্রীর পৈতৃক বাড়ির নামানুসারে ‘মীরবাড়ী ইউনিয়ন’ রাখা হয়।

সরকারি নামকরণে এমন পারিবারিক প্রভাবের বিষয়টি সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়লে তীব্র জনক্ষোভের তৈরি হয়। উদ্ভূত পরিস্থিতিতে সুশাসন রক্ষা ও জন-আকাঙ্ক্ষার প্রতি শ্রদ্ধা জানিয়ে প্রধানমন্ত্রী বিতর্কিত নামগুলো বাতিলের সরাসরি নির্দেশ দেন।

জেলা প্রশাসন জানিয়েছে, দ্রুতই আইনি প্রক্রিয়া ও গণশুনানি শেষ করে ইউনিয়নগুলোর নতুন নাম চূড়ান্ত গেজেট আকারে প্রকাশ করা হবে।